# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
## Sylhet Palli Bidyut Samity-1

গোটাটিকর, কদমতলী, সিলেট।

ISO 9001:2015 Certified

টেলিফোন : ০৮২১ ৮৪০০৩১
০৮২১ ৮৪০০৩২
ওয়েবসাইট : https://pbs1.sylhet.gov.bd
ই-মেইল : sylhetpbs1@gmail.com
ফেসবুক : www.facebook.com/sylhetpbs1





স্মারক নং-২৭.১২.৯১৩১.৫৩৭.০২.০০৮.২৬. ৪৪০৬

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ।
১৩ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

**বিষয়: দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা কর্মী নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি।**

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ইনডোর উপকেন্দ্রসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভাবে রাত্রিকালীন "নিরাপত্তা প্রহরী (দৈনিক মজুরী ভিত্তিক)" নিয়োগ/প্যানেল তৈরীর লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার স্থায়ীভাবে বসবাসকারী পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র. নং | পদের নাম/ পদের সংখ্যা | বয়স সীমা | মজুরী | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | নিরাপত্তা প্রহরী (দৈনিক মজুরী ভিত্তিক)<br><br>০৪ (চার) টি (পুরুষদের জন্য সংরক্ষিত) কম/বেশী হতে পারে। | ২৭/০৮/২০২৬ খ্রিঃ তারিখে বয়স সীমা ন্যূনতম বয়স ১৮ বছর এবং শারীরিকভাবে সক্ষম ৬৫ বছর পর্যন্ত কাজে অনুমতি প্রদান করা হবে। | পবিস সমূহে নিরাপত্তা প্রহরীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা। | ক) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী /সমমান পাশ হতে হবে।<br>খ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে।<br>গ) প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা ও পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে।<br>ঘ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। | শুধুমাত্র সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকা অর্থাৎ দক্ষিণ সুরমা, গোলাপগঞ্জ, বিয়ানীবাজার, জকিগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, বিশ্বনাথ, ওসমানীনগর ও বালাগঞ্জ উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

**অন্যান্য শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগণকে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (https://pbs1.sylhet.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৭/০৮/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোটাটিকর, কদমতলী, সিলেট-এর বরাবরে ডাকযোগে/হাতে হাতে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত আবেদন ফরম ব্যতিত সাদা কাগজে, টাইপকৃত, অসম্পূর্ণ বা ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এছাড়া ২৭/০৮/২০২৬ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। খামের উপর পদের নাম **"অস্থায়ী নিরাপত্তা প্রহরী (দৈনিক মজুরী ভিত্তিক)"** কথাটি সুস্পষ্টভাবে লিখতে হবে।

০২। **নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে:**

(ক) ওয়েবসাইট হতে প্রাপ্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে দাখিল করতে হবে।
(খ) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি।
(গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর এর নিকট হতে চারিত্রিক ও নাগরিকত্ব সনদ।
(ঙ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

**দাখিলকৃত সকল কাগজপত্রের অনুলিপি ও ছবি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।**

(চ) সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। নির্বাচিত প্রার্থীকে দৈনিক ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা প্রহরী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/= (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজার মূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন।

অঃপৃঃদ্রঃ

০৪। যে দিন কর্মে নিয়োজিত থাকবে, নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য ৪০০/= (চারশত) টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

০৬। **এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোনক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবী গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মজুরী" ভিত্তিতে কাজ করার অনুমতি বলবৎ থাকবে।**

০৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

০৮। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

০৯। পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে প্রার্থীর কাজের অনুমতি পত্র বাতিল করা হবে।

১০। প্রার্থীকে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ইনডোর উপকেন্দ্র এর নিরাপত্তার কাজে দায়িত্ব পালন করতে হবে।

১১। প্রার্থীকে কাজের অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক /পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে।

১২। কাজের অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী/নিরাপত্তা প্রহরী কর্তৃক নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা পবিসের অনুকূলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে পবিস কর্তৃক ফেরত প্রদান করা হবে।

১৩। অনুমতি প্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা কর্মীকে পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১৪। অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষণিক তার সেবা গ্রহণ বন্ধ করা হবে।

১৫। যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতিপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৬। বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। বাছাই/নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৭। অসম্পূর্ণ/ভূল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

13.8.21

(মোঃ আব্দুর রশীদ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপি: সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মঃ ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সিলেট।
০৬। পুলিশ সুপার, সিলেট।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, সিলেট।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গোলাপগঞ্জ/বিয়ানীবাজার/জকিগঞ্জ/ফেঞ্চুগঞ্জ/বিশ্বনাথ/ওসমানীনগর/বালাগঞ্জ/দক্ষিন সুরমা থানা, সিলেট।
১০। ডিজিএম,(কারিগরী-সদর দপ্তর),বিয়ানীবাজার/গোলাপগঞ্জ/জকিগঞ্জ/ওসমানীনগর/বিশ্বনাথ/ফেঞ্চুগঞ্জ জোনাল অফিস, সিলেট পবিস-১।
১১। এজিএম (ওএন্ডএম), বালাগঞ্জ সাব-জোনাল অফিস, সিলেট পবিস-১।
১২। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/প্রশাসন/সদস্য সেবা/ইএন্ডসি/ওএন্ডএম/আইটি), সিলেট পবিস-১।
১৩। এজিএম (আইটি), সিলেট পবিস-১। (বিজ্ঞপ্তিটি অত্র পবিস এর ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১৪। নোটিশ বোর্ড/অফিস/মাষ্টার কপি।

13.8.21

(মোঃ আব্দুর রশীদ)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

ISO 9001:2015 Certified

ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, অনুমোদিত ঃ ২৯/০৪/২০১৫ খ্রিঃ

**ী বিদ্যুৎ সমিতি-১-এর দৈনিক মজুরী ভিত্তিক নিরাপত্তা প্রহরী (ইনডোর উপকেন্দ্র) প্যানেল তৈরীর আবেদন ফরম**

(সংশ্লিষ্ট স্থানে প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

| পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে। |
|---|

জেনারেল ম্যানেজার
সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
গোটাটিকর, কদমতলী, সিলেট।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং -------------------

০২. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) ------------------------ ০৩. পদের ধরণ ঃ --------------

----------------------------------------------- ----------------------------------------

০৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ০৫. প্রকাশনার তারিখ

-------------------------------- ------------------------------ --------------------------------------

০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ০৭. জন্ম তারিখ (জেএসসি পরীক্ষার সনদ অনুযায়ী)

----------------------------------- -----/------/------------(দিন/মাস/বছর)

০৮. মাতার নাম ০৯. বয়স (২৭/০৮/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত)

------------------------------------- ------------------------------------------

১০. পিতার নাম ১১. ধর্ম

------------------------------------- ------------------------------------------

১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

-----------------------------------

১৪. টেলিফোন/মোবাইল ফোন নং ১৫. বৈবাহিক অবস্থা (টিক দিন) ঃ বিবাহিত/অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে (√)টিক দিন) ঃ

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য | | |

১৭. স্থায়ী ঠিকানা ঃ

------------------------ ------------------------ ------------------------ --------------------

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগপত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

------------------------ ------------------------ ------------------------ --------------------

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

------------------------------ ------------------------------ ----------------------

১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ২০. ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল্য ২১. ইস্যুর তারিখ

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেনী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর /পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে)ঃ

| কর্মরত পবিসের নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রাপ্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করিতেছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকব। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমূহ প্রদর্শন করতে বাধ্য থাকব।

-------------------------------------- --------------------------------------

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

**বিঃ দ্রঃ সরকারী/আধা সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
গোটাটিকর, কদমতলী, সিলেট।

ISO 9001:2015 Certified

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

# প্রবেশ পত্র

## লিখিত/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

(অফিস কর্তৃক পূরনীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ-----------------------------------------------

পরীক্ষার তারিখ ঃ-----------------------------------------------

পরীক্ষার সময় ঃ----------------------------------------------

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয় )

পদের নাম ঃ ---------------------------------------------

প্রার্থীর নাম ঃ ---------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ঃ ---------------------

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারন নির্দেশনাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পূনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তর পত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।